জমঈয়ত শুব্বানে আহলে হাদীস বাংলাদেশ এর উদ্যোগে

ইসলামী সাংস্কৃতিক প্রতিযোগিতা

ক. বই পড়া প্রতিযোগিতা

১. বইয়ের নাম: আহলে হাদীস পরিচিতি, লেখক: আল্লামা মোহাম্মদ আব্দুল্লাহেল কাফী আল-কোরায়শী (রহ.)।
২. বইটির আদ্যোপান্ত পাঠ করতে হবে। পাঠশেষে বইয়ের মূল উপজীব্য/সারাংশ লিখতে হবে।
৩. লেখক বইটি কী উদ্দেশ্যে লিখেছেন বলে আপনার নিকট প্রতীয়মান হয়েছে তা অবশ্যই আপনার ভূমিকায় উল্লেখ করতে হবে।
৪. বইটি পাঠ করলে সর্বসাধারণ কীভাবে উপকৃত হবে বলে আপনার মনে হয় তা অবশ্যই সারাংশের উপসংহারে উল্লেখ করতে হবে।
৫. সর্বসাকুল্যে আপনার লেখাটি ৩০০০ (তিনহাজার) শব্দের মধ্যে হতে হবে।
৬. প্রতিযোগিতায় শুব্বানের মজলিসে ক্বারার-এর কোন সদস্য অংশগ্রহণ করতে পারবেন না।
৭. বইটি আপনার সংগ্রহে না থাকলে শুব্বানের যেকোন শাখা, উপজেলা, জেলা ও কেন্দ্র হতে আপনার কপিটি সংগ্রহ করুন।
৮. বিজয়ী প্রথম অংশগ্রহণকারীর লেখাটি মাসিক তরজুমানুল হাদীসে প্রকাশ করা হবে ইন-শা-আল্লাহ।

খ. কুইজ প্রতিযোগিতা

১. প্রতিটি প্রশ্নের মান সমান। কুইজের কোন উত্তর ভুল হলে নম্বর কাটা হবে না।
২. কুইজ প্রতিযোগিতায় শুব্বানের মজলিসে আম-এর কোন সদস্য অংশগ্রহণ করতে পারবেন না।
৩. কুইজের প্রশ্নসমূহ পেতে **কেন্দ্রীয় শুব্বানের ফেসবুক পেইজ ও সাপ্তাহিক আরাফাতে** চোখ রাখুন।

প্রতিযোগিতার সাধারণ নিয়মাবলি

১. প্রতিযোগিতায় অংশগ্রহণকারীর সর্বোচ্চ বয়সসীমা হবে ৩৫ বছর।
২. দেশের যেকোনো শিক্ষাপ্রতিষ্ঠানের ছাত্র-ছাত্রী, তরুণ-যুবক প্রতিযোগিতায় অংশগ্রহণ করতে পারবেন।
৩. বইয়ের সারাংশ ও কুইজের উত্তরপত্র আগামী ২০ মার্চ, ২০১৮ ইং, রবিবার রাত ৮টার মধ্যে শুব্বানের কেন্দ্রীয় দফতরে পৌঁছাতে হবে অথবা সফট কপি info.shubbanbd@gmail.com এই ঠিকানায় মেইল করে কেন্দ্রীয় দফতরকে জানাতে হবে।
৪. সর্বোচ্চ নম্বরের ভিত্তিতে ১০ জনকে পুরস্কার প্রদান করা হবে।
৫. ২ ও ৩ মার্চ বাংলাদেশ জমঈয়তে আহলে হাদীসের অনুষ্ঠিতব্য দাওয়াতী ও তাবলীগী মহাসম্মেলনে বিজয়ীদেরকে পুরস্কার প্রদান করা হবে ইন-শা-আল্লাহ।
৬. পুরস্কারের পরিমাণ: প্রথম স্থান: ৬০০০/-, দ্বিতীয় স্থান: ৪৫০০/-, তৃতীয় স্থান: ৩০০০/- টাকা এবং চতুর্থ থেকে দশম স্থান অধিকারী প্রত্যেককে ১০০০/- টাকা প্রদান করা হবে ইন-শা-আল্লাহ।
৭. ছাত্রী বা মেয়েদের মধ্য থেকে কেউ বিজয়ী হলে তার মনোনীত প্রতিনিধির কাছে পুরস্কার হস্তান্তর করা হবে।
৮. উত্তরপত্রে অংশগ্রহণকারীর নাম, পিতার নাম, পূর্ণাঙ্গ ঠিকানা, শিক্ষাপ্রতিষ্ঠানের নাম, শ্রেণি ও বয়স এবং ই-মেইল ঠিকানা (অন্যথায় সংযুক্ত পাসপোর্ট সাইজের ছবি) অবশ্যই উল্লেখ করতে হবে।

জমঈয়ত শুব্বানে আহলে হাদীস বাংলাদেশ-এর উদ্যোগে ইসলামী সাংস্কৃতিক প্রতিযোগিতা- ২০১৮ ঈসায়ী

কুইজ প্রতিযোগিতা

খ. কুইজ প্রতিযোগিতা :

অংশগ্রহণকারীর নাম :		পিতার নাম :	
স্থায়ী ঠিকানা :		প্রতিষ্ঠানের নাম :	
শ্রেণি :		বয়স :	
মোবাইল নম্বর :		ই-মেইল :	

ক. আল-কুরআন

১. কোন সূরায় আল্লাহ তা'আলা ধারাবাহিকভাবে ১১টি জিনিসের শপথ করেছেন? এবং জিনিসগুলো কী?
২. كافر مرزوق বা "কাফের ব্যক্তিও রিযকপ্রাপ্ত" প্রবাদের স্বপক্ষে কুরআনের কোন্ আয়াত সরাসরি প্রমাণ করে?
৩. কুরআনের কোন আয়াতে মাক্কা বিজয়ের কথা উল্লেখ আছে?
৪. কোন কোন সময়ে তাসবীহ পাঠ উত্তম বলে কুরআনে উল্লেখ আছে?
৫. যিলহজ্জের ১০ তারিখ বা কুরবানীর দিনকে কুরআনে কী নামে অভিহিত করা হয়েছে? সূরা ও আয়াত নাম্বার সহ উল্লেখ করুন।
৬. কুরআনের কোন আয়াতে মানবদেহের গুরুত্বপূর্ণ ৩টি অঙ্গকে জ্ঞানার্জনের অন্যতম উপকরণ হিসেবে উল্লেখ করেছেন? সেগুলো কী কী?
৭. কুরআনের কোন আয়াতের ব্যাপারে সাহাবী 'আবদুল্লাহ ইবনু মাস'ঊদ (রাযিয়াল্লা-হু 'আন্হু) বলেছেন, গুনাহগারদের জন্য এই আয়াতটি দুনিয়া ও দুনিয়ার মাঝে যা আছে তা থেকেও উত্তম?
৮. আল-কুরআনের কোন সূরা 'আবদুল্লাহ ইবনু মাস'ঊদ (রাযি:)-এর মতে কুরআনের অন্তর্ভুক্ত নয়?
৯. অবাধ্য স্ত্রীকে বাধ্য করার জন্য কুরআনের কোন আয়াতে তিনটি পদক্ষেপ গ্রহণের কথা বলা হয়েছে এবং সেগুলো কী কী?
১০. "তাফসিরুল কুরআন বি কালামির রহমান" নামক তাফসির গ্রন্থের লেখক কে ও বাংলা ভাষায় কার তত্ত্বাবধানে সেটির অনুবাদ করা হয়?
১১. "তাফসির মাফাতিহুল গাইব"-এর অপর নাম কী? এবং এর লেখক কে?
১২. কুরআনের বর্ণনা অনুযায়ী বানী ইসরা-ঈলকে কতটি বিষয় দিয়ে ফিতনায় ফেলানো হয়েছিল?
১৩. পবিত্র কুরআনে আসহাবুল কাহফ-এর সদস্যসংখ্যার বিষয়ে কী বর্ণনা পাওয়া যায়?
১৪. মুহাম্মদ (সাল্লাল্লা-হু 'আলাইহি ওয়া সাল্লাম)-এর নাম পবিত্র কুরআনে কোন কোন জায়গায় বর্ণিত হয়েছে?
১৫. জমহুরের মতে, কুরআনের সর্বশেষ অবতীর্ণ আয়াত কোন্টি?

খ. আল-হাদীস

১৬. কুরআনের কোন আয়াত প্রমাণ করে যে, হাদীস বা সুন্নাহ ওহীর অন্তর্ভুক্ত?
১৭. আরব ভূখণ্ডে সর্বপ্রথম মূর্তি আমদানি করে কে?
১৮. ইমাম বুখারী (রাহিমাহুল্লা-হ) তাঁর কোন উস্তাদের পরামর্শে সহীহুল বুখারী সংকলন করেন?
১৯. 'কুতুবে সিত্তাহ' সংকলকবৃন্দের মধ্যে কোন ইমামকে 'আলী-বংশীয় পক্ষপাতিত্ব করার কারণে 'উমাইয়ারা মারধর করে হত্যা করে?
২০. প্রসিদ্ধ ছয়জন হাদীস সংকলকের মধ্যে একমাত্র কোন্ মুহাদ্দিস আরব বংশীয় ছিলেন?
২১. প্রসিদ্ধ ছয়জন ইমাম কে, কোন্ দেশের বাসিন্দা ছিলেন?
২২. শায়খ নাসিরুদ্দীন আলবানী (রাহিমাহুল্লা-হ) কখন, কোথায় ইন্তেকাল করেন?
২৩. কোন দু'টি পাহাড়কে রাসূল (সাল্লাল্লা-হু 'আলাইহি ওয়া সাল্লাম) সম্বোধন করেছিলেন?
২৪. উম্মাতের জন্য দাজ্জালের চেয়েও অধিক ভয়ংকর কারা?
২৫. 'আল-আমালুস সলেহ' হাদীস গ্রন্থের লেখক কে?
২৬. "ইসলামে হালাল হারামের বিধান" ও "এহইয়াউস সুনান"-এর মূল রচয়িতা কে?

গ. ইতিহাস

২৭. কত সালে মুসলিমরা পূর্ণাঙ্গভাবে সিরিয়া বিজয় করে?
২৮. কোন 'উমাইয়াহ্ শাসক 'কুব্বাত উস সাখরা' বা 'ডোম অব দ্যা রক' নির্মাণ করেন?
২৯. কাশগড় (কাশি) ও বর্তমান উত্তর-পশ্চিম চীন জয় করেন কোন মুসলিম সেনাপতি?
৩০. "আল আরুস" কী?
৩১. বাংলা অঞ্চলে সর্বপ্রথম কে সাম্প্রদায়িক দাঙ্গা চালু করে?
৩২. কে কত সালে বেলগ্রেড জয় করেন?
৩৩. ক্রিমিয়া কত সালে 'উসমানীয় তুর্কী সাম্রাজের অন্তর্ভুক্ত হয়?
৩৪. কে কত সালে আধুনিক সৌদি আরব প্রতিষ্ঠা করেন?
৩৫. কবে বৃটিশ ক্যাবিনেট লর্ড বালফোরের মাধ্যমে 'বালফোর ঘোষণা'র মধ্য দিয়ে ফিলিস্তিনের বুকে ইসরাঈল নামক রাষ্ট্রের অনুমোদন দেয়?
৩৬. বালাকোটের ঐতিহাসিক যুদ্ধ কখন এবং কাদের মাঝে সংঘটিত হয়েছিল?
৩৭. কাকে ইতিহাসের জনক মনে করা হয়? এবং ইসলামের ইতিহাসের জনক কাকে বলা হয়?
৩৮. 'সীরাত ইবনে হিশাম'-এর রচয়িতার পুরো নাম কী? এবং কে এটি বাংলায় অনুবাদ করেন?

ঘ. দল-উপদল, মতবাদ ও মতাদর্শ

৩৯. আল-মুওয়াহ্হিদুন কারা?
৪০. 'বাহাই' মতবাদ কোন দেশে উৎপত্তি লাভ করে? এর প্রধান কার্যালয় কোথায়?
৪১. Fascism (ফ্যাসিবাদের) জন্ম হয় কোন দেশে, কার দ্বারা?
৪২. মুসলিম বিশ্বে সর্বপ্রথম কোন দেশে কার দ্বারা ধর্মনিরপেক্ষ রাষ্ট্র গঠন হয়?
৪৩. কোন বিখ্যাত আহলে হাদীস আলেম গোলাম আহমদ কাদিয়ানীর সাথে মুবাহালা করেন ও তা কত সালে?
৪৪. সিরিয়ার শী'আহ্ স্বৈরশাসক বাশার আল আসাদ শী'আহ্দের কোন উপদলের অনুসারী ও সেই এর প্রতিষ্ঠাতা কে?
৪৫. শী'আহ্ ফাতেমী শাসন ব্যবস্থা সর্বপ্রথম কখন ও কোথায় কায়েম হয়?
৪৬. "তারা হবে নবীন, তরুণ ও নির্বোধ অথচ নিজেদেরকে অনেক জ্ঞানী ভাববে" এরা কোন মতবাদের লোক?
৪৭. আলীগড় বিশ্ববিদ্যালয়ের প্রতিষ্ঠাতা কে ও তিনি কোন মতবাদে বিশ্বাসী ছিলেন?
৪৮. The End of Faith; Religion, Terror and the Future of Reason কোন মতবাদ শিক্ষার বই?

ঙ. শিক্ষা, সাহিত্য ও সংস্কৃতি

৪৯. বিশ্ববিদ্যালয়ের ধারণা সর্বপ্রথম কোন মুসলিম দেশে জন্মলাভ করে?
৫০. ওয়ালাদা বিনতু আল-মুসতাখফি কোন দেশের বিখ্যাত মুসলিম মহিলা কবি ছিলেন?
৫১. নাবী পত্নীগণের মধ্যে কে চিকিৎসাবিদ্যা রপ্ত করেছিলেন?
৫২. মূসা আল-খাওয়ারিজমী প্রণীত বীজগণিতের অন্যতম শ্রেষ্ঠ মৌলিক গ্রন্থের নাম কী?
৫৩. Jurisprudence বলতে কী বুঝায়?
৫৪. মুসলিম বিশ্বের নোবেল খ্যাত কিং ফয়সাল ইন্টারন্যাশনাল প্রাইজ (KFIP) কত সাল থেকে চালু হয়?
৫৫. ২০১৭ সালে ইসলামী শিক্ষা বিভাগে কে উক্ত (KFIP) পুরস্কার লাভ করেন?
৫৬. বিশ্বের বুকে হাদীসের প্রচার ও প্রসারকল্পে সম্প্রতি কোন প্রতিষ্ঠান প্রতিষ্ঠিত হতে যাচ্ছে? কোন শহরে?
৫৭. আল্লামা মোহাম্মদ 'আবদুল্লাহিল কাফী আল-কুরায়শী কখন ও কীজন্য বাংলা একাডেমী পুরস্কারে ভূষিত হন?
৫৮. ড. এম. এ. বারী শিক্ষা কমিশন কত সালে গঠিত হয়েছিল? কেন তা বাস্তবায়ন সম্ভবপর হয়নি?
৫৯. সম্প্রতি কবে, কোথায় OIC-এর বিজ্ঞান ও প্রযুক্তিবিষয়ক সম্মেলন অনুষ্ঠিত হয়?
৬০. ২০১৭ সালে ওয়ার্ল্ড র‍্যাংকিংয়ে ১ম স্থান দখল করে কোন বিশ্ববিদ্যালয়?
৬১. ৫২-র ভাষা আন্দোলনের ওপর রচিত প্রথম কবিতা কোনটি ও তার রচয়িতা কে?
৬২. 'জ্ঞান যেখানে সীমাবদ্ধ, বুদ্ধি যেখানে আড়ষ্ট, মুক্তি সেখানে অসম্ভব'- স্লোগানটি কীসের?
৬৩. পৃথিবীর কোন্ কোন্ দেশ 'বিশ্ব ভালবাসা দিবস' উদযাপন নিষিদ্ধ ঘোষণা করেছে?

চ. সংস্থা ও সংগঠন

৬৪. ISF-এর পূর্ণরূপ কী?
৬৫. ইন্টারন্যাশনাল ইসলামিক নিউজ এজেন্সি কত সালে প্রতিষ্ঠিত হয়?
৬৬. মুসলমান প্রধান না হয়েও কোন দেশ ইসলামী সম্মেলন সংস্থার (OIC) সদস্য?
৬৭. 'আস্‌সায়িক্বা' বা বজ্র কীসের নাম?
৬৮. WAMY-কে কত সালে প্রতিষ্ঠা করে?
৬৯. 'আহলে হাদীস ইয়ুথ ফোর্স' কে গঠন করেন?
৭০. জমঈয়তে উলামায়ে হিন্দ (ভারতে হানাফী মাযহাবের সর্ববৃহৎ সংগঠন) প্রতিষ্ঠায় কোন আহলে হাদীস 'আলেম প্রত্যক্ষ ভূমিকা রাখেন?
৭১. 'সাপ্তাহিক সৈনিক' কী?
৭২. অল ইন্ডিয়া আহলে হাদীস কনফারেন্সে সর্বপ্রথম সভাপতি নির্বাচিত হন কে?
৭৩. উপমহাদেশে আহলে হাদীসদের সর্বপ্রাচীন সংগঠনের নাম কী?

ছ. রাজনীতি

৭৪. 'প্যান অ্যারাবিজম'-এর উদ্ভাবক কে?
৭৫. 'কারাগারের রোজনামচা' বইটির লেখক কে?
৭৬. মিসর, সিরিয়া ও লিবিয়ার সমন্বয়ে গঠিত সংযুক্ত আরব প্রজাতন্ত্র কত সালে বিলুপ্ত হয়?
৭৭. কত সাল পর্যন্ত সিঙ্গাপুর মালয়েশিয়ার অংশ ছিল?
৭৮. বিশ্বের সর্বকনিষ্ঠ প্রতিরক্ষা মন্ত্রীর নাম কী?
৭৯. তুরস্কের ক্ষমতাসীন এ কে পার্টির প্রতিষ্ঠাতা কে ও কত সালে প্রতিষ্ঠিত হয়?
৮০. মিয়ানমারের সামরিক জান্তা কবে রোহিঙ্গা মুসলমানদের নাগরিকত্ব হরণ করে?
৮১. সম্প্রতি কবে সংবিধানের ষোড়শ সংশোধনীকে অবৈধ ঘোষণা করে আপিল বিভাগ পূর্ণাঙ্গ রায় প্রকাশ করে?
৮২. শহীদ খাকান 'আব্বাসী কে?
৮৩. সম্প্রতি কোন রাষ্ট্রপ্রধান বলেছেন যে,"মডারেট ইসলাম" বা উদারণীতির ইসলাম পাশ্চাত্যের সৃষ্টি?
৮৪. পাশ্চাত্যের ওপর প্রথম কবে আরব দেশসমূহ তেল অবরোধ করে?

জ. গণিত, বিজ্ঞান ও অন্যান্য

৮৫. ১ থেকে ৭০ পর্যন্ত কতটি মৌলিক সংখ্যা রয়েছে?
৮৬. পরপর তিনটি সংখ্যার গুণফল ১২০ হলে তাদের যোগফল কত হবে?
৮৭. ৯, ৩৬, ৮১, ১৪৪-এর পরবর্তী সংখ্যাটি কত?
৮৮. ঘড়িতে যখন ৮টা বাজে তখন ঘণ্টার কাঁটা ও মিনিটের কাঁটার মধ্যকার কোণটি কত ডিগ্রির হবে?
৮৯. বৃত্তের জ্যা ও ব্যাসের মধ্যে পার্থক্য কী?
৯০. সম্প্রতি বিজ্ঞানের কোন আবিষ্কার রাসূলের সশরীরে মি'রাজের সত্যতা প্রমাণ করেছে? এবং তা কে আবিষ্কার করেন?
৯১. 'জিব্রাল্টার প্রণালী' কোন দুই মহাদেশকে পৃথক করেছে এবং কোন দুই মহাসাগরকে সংযুক্ত করেছে?
৯২. Apiculture বলতে কী বুঝায়?
৯৩. ভাইরাস জনিত ৩টি রোগের নাম লিখুন।
৯৪. DNA & RNA অর্থ কী?
৯৫. ধারণ ক্ষমতা বেশি হলেও কোন মাটির শোষণ ক্ষমতা কম?
৯৬. 'প্রকৃতির লাঙ্গল' বা 'কৃষকের বন্ধু' বলা হয় কাকে?
৯৭. হার্ট অ্যাটাক ও স্ট্রোক কাকে বলে?
৯৮. বৃষ্টির পানির ফোঁটা গোল হয় কেন?
৯৯. মানুষের হৃদপিণ্ডে কতটি প্রকোষ্ঠ থাকে?
১০০. চোখের পানির উৎস কোথায়?